

USHASEW AVS : L05 - BLIND HEMMING_BENGALI

FVO: এই ভিডিও-তে আপনি শিখবেন কিভাবে ব্লাইন্ড হেম করতে হয়, ব্লাইন্ড হেম ফুট -এর সাহায্যে - যেটা মেশিনের সঙ্গেই থাকে।

এর জন্য আপনার চাই একটুকরো কাপড়, ব্লাইন্ড হেম ফুট , বীড-লাগানো পিন, একটা ইলেক্ট্রিক ইস্ত্রী আর মানানসই সুতো।

শুরু করুন দশ ইঞ্চি বাই দশ ইঞ্চি কাপড়ের টুকরো দিয়ে।

কাপড়ের উল্টো দিকটা সামনের দিকে মুখ ক'রে রাখুন।

নীচের দিকে আধ ইঞ্চি মুড়ে নিন, আর ভাঁজটা ঠিক রাখার জন্যে কুঁচিয়ে নিন। আর ওপর থেকে আরো আধ ইঞ্চি মুড়ে নিন, যাতে মাঝপথেই সেটা প্রথম ভাঁজটার ওপর দিয়ে যায়... ঠিক যেভাবে ভিডিও-তে দেখছেন।

এই ভাঁজগুলো সঠিক অবস্থানে চেপে ধ'রে থাকুন। তারপর কুঁচিয়ে-নেওয়া জায়গায় ইস্ত্রী ক'রে দিন।

ইস্ত্রীর পরে কাপড়ের ভাঁজগুলো বীড-লাগানো পিন দিয়ে গেঁথে দিন। সত্যি বলতে - ব্লাইন্ড হেমিং ফুট শুরু করার আগে এটা বারকয়েক ক'রে অভ্যস্ত হয়ে নিন।

ভাঁজগুলো পরিপাটি হওয়ার পর সেলাই-মেশিনের কাছে নিয়ে আসুন।

ব্লাইন্ড হেমিং ফুট আটকে দেওয়ার জন্যে সূঁচটা ওপরে তুলুন, ব্যালাপ্স হইল -টা নিজের কাছে সরিয়ে এনে।

প্রেসার ফুট -টা ওপরে তুলে লেভার-এ চাপ দিন। যাতে সঙ্গে লাগানো ফুট রিলিজ হয়ে যায়।

ব্লাইন্ড হেমিং ফুট -টা সমস্তরে রাখুন আর লেভার -টা নীচে নামিয়ে সেটা ক্যাম্প ক'রে দিন।

ব্লাইন্ড হেমিং ফুট -টা সংলগ্ন রেখে ফুট -এর নীচে ভাঁজ-করা কাপড়ের টুকরোটা রাখুন, তবে সূঁচটা যেন ভাঁজ-করা ধারের অংশের সমস্তরে থাকে। এবার ফুট -টা নামান।

প্যাটার্ন সিলেক্টর নোব -টা Stitch 'F'-এ ঞ্জত ক'রে দিন। স্টিচ লেন্থ বেছে নিন ২ আর ৩-এর মধ্যে। ব্যালাপ্স হইল -টা নিজের দিকে ঘুরিয়ে আনুন, যাতে সূঁচটা ভাঁজের ওপর নিখুঁতভাবে সমস্তরে থাকে।

সাবধানে সেলাই করতে শুরু করুন, দেখবেন যাতে ব্লাইন্ড হেম ফুট গাইড কাপড়ের ভাঁজ-বরাবর এগোতে থাকে। শেষ প্রান্তে পৌঁছলে ফুট -টা তুলে নিয়ে বাড়তি সুতো কেটে দিন।

এই তো! আপনার হামিং হয়ে গেছে! ভাঁজ খুলে দেখুন স্টিচ প্যাটার্ন কেমনভাবে হেম -টাকে ধ'রে রেখেছে। কাপড়টা সোজা দিক ক'রে পাতুন, আর দেখুন স্টিচ -গুলো কত সূক্ষ্মভাবে গেছে... প্রায় দেখাই যাচ্ছে না!

যেকোনো কাপড়ে হেম -সেলাই করার পর হেম -এর ওপরে ইস্ত্রী চালানো জরুরি। এতে তা' আরো পরিপাটি হয়ে ওঠে।

এই স্টিচ -টায় হেম -সেলাই করা হয়েছে, আর আপনি দেখছেন রীতিমতো ছোট-ছোট ডটস... স্টিচ -গুলো সব সোজা দিকেই রয়েছে যা এর সত্যিকারের পেশাদার রূপটি ফুটিয়ে তুলেছে!

সবরকমের কাপড়েই হেম -সেলাইয়ের অভ্যাস করুন, যতক্ষণ না আত্মবিশ্বাস গ'ড়ে ওঠে আর আপনি পান নিখুঁত হেম!